

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৭৩

পরিচ্ছেদঃ হালাল পশুর পেশাব।

باب مَا جَاءَ فِي بَوْلِ مَا يُؤْكَلُ لَحْمُهُ

আরবী

حَدَّثَنَا الْفَصْلُ بْنُ سَهْلِ الْأَعْرَجُ الْبَغْدَادِيُّ، حَدَّثَنَا يَحْيَى بْنُ غَيْلاَنَ، قَالَ حَدَّثَنَا يَزِيدُ بْنُ ذُرَيْعٍ، حَدَّثَنَا سُلَيْمَانُ التَّيْمِيُّ، عَنْ أَنسِ بْنِ مَالِك، قَالَ إِنَّمَا سَمَلَ النَّبِيُّ صلى الله عليه وسلم أَعْيُنَهُمْ لأَنَّهُمْ سَمَلُوا أَعْيُنَ الرُّعَاةِ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ لاَ نَعْلَمُ أَحَدًا ذَكَرَهُ غَيْرَ هَذَا الشَّيْخِ عَنْ يَزِيدَ بْنِ زُرَيْعٍ . وَهُوَ مَعْنَى قَوْلِهِ : (وَالْجُرُوحَ قِصَاصٌ) . وَقَدْ رُويَ عَنْ مُحَمَّدِ بْنِ سِيرِينَ قَالَ إِنَّمَا فَعَلَ بِهِمُ النَّبِيُّ صلى الله عليه وسلم هَذَا قَبْلَ أَنْ تَنْزِلَ الْحُدُودُ .

বাংলা

৭৩. আল-ফযল ইবনু সাহল আল-আ'রাজ আল-বাগদাদী (রহঃ) আনাস ইবনু মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, এরা যেহেতু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর রাখালদের চোখ শলাকা দিয়ে বিদ্ধ করেছিল সেহেতু কিসাস হিসাবে তিনি তাদের চোখও শলাকা দিয়ে বিদ্ধ করেছিলেন। - প্রাণ্ডক্ত। মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৭৩ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা তিরমিয়ী বলেনঃ এই হাদিসটি গরীব। কেননা রাবী ইয়ায়ীদ ইবনু যারায় থেকে আর কেউ এটি রিওয়ায়াত করেছেন বলে আমাদের জানা নাই। এই হাদিসটির মর্ম আল্লাহর কালাম وَالْجُرُوحَ قِصَاصُ (যখমের বদলে অনুরুপ যখম) এর অনুরুপ। মুহাম্মাদ ইবনু সীরীন থেকে বর্ণিত আছে যে, তিনি বলেন হুদূদ সম্পর্কিত বিধান নাযিল হওয়ার পূর্বে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এদের সঙ্গে এই আচরণ করেছিলেন।

English

Anas bin Malik narrated:

"Allah's Messenger only poked out their eyes because they had poked out the eyes of the camel driver." Abu 'Eisa said: This Hadfth is Gharib. We do



not know anyone who mentioned it other than this shaikh, from Yazid bin Zurai. And it is in accordance with the meaning of Allah's saying: "And wounds equal for equal" It has been reported that Muhammad bin Sirin said: "The Prophet only did this to them before the legislated punishments were revealed."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন